

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-১
www.udd.gov.bd



তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৮৯

বিষয়: বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্তে ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহণে অনাপত্তি প্রদানের লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার রুপগঞ্জ থানাধীন কেয়ারিয়া মৌজায় ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১) অত্র দপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৬৩; তারিখঃ ২৭-০৬-২০২১
২) বাংলাদেশ পুলিশের এন্টি টেররিজম ইউনিটের স্মারক নং- ৪৪.০১.০০০০.৯৮৫.০৬.০০৩.১৯-১১৩; তারিখঃ ০৮-০৬-২০২১
৩) অত্র দপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.২৩৬; তারিখঃ ১৮-০৯-২০১৯
৪) বাংলাদেশ পুলিশের এন্টি টেররিজম ইউনিটের স্মারক নং- ৪৪.০১.০০০০.৯৮৫.০৬.০০৩.১৯-৩১০; তারিখঃ ২১-০৮-২০১৯ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন নিম্নলিখিত তফশিলভুক্ত ১০.০০ (দশ) একর জমি অধিগ্রহণে অনাপত্তি প্রদানের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

জেলা	উপজেলা	মৌজা	জে এল নং	আর এস দাগ নং	প্রস্তাবিত জমির পরিমাণ	চাহিতব্য ভূমির অবস্থা
নারায়ণগঞ্জ	রুপগঞ্জ	কেয়ারিয়া	১০৫	১৭(অংশ), ২০(পূর্ণ), ২১(পূর্ণ), ২২(অংশ), ২৩(অংশ), ২৪(পূর্ণ), ২৫(পূর্ণ), ২৬(পূর্ণ), ২৭(পূর্ণ), ২৮(অংশ), ২৯(অংশ), ৩২(অংশ), ৭৮(অংশ), ৭৯(অংশ), ৮০(অংশ), ৮১(অংশ), ৮২(অংশ), ৮৩(অংশ), ৮৫(অংশ)	১০.০০ (দশ) একর	প্রস্তাবিত অল্প কিছু জমিতে বালি ভরাট করা, অধিকাংশ জমি নিচু নাল জমি বর্তমানে পানিতে নিমজ্জিত রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমিতে একটি টিনশেডঘর, কিছু উচু নাল জমি ও ছোট আকারের পুকুর রয়েছে। প্রস্তাবিত জমির উত্তরে বালি ভরাটকৃত ও নাল জমি, দক্ষিণে বসতবাড়ী, নাল জমি, পূর্বে কবরস্থান, পাকা ভবনসহ বসতবাড়ী ও নাল জমি


চাহিতব্য ভূমির সাইট পরিদর্শন রিপোর্ট মোতাবেক কেয়ারিয়া মৌজাস্থিত জে.এল নং-১০৫, আরএস খতিয়ান নং-১২, ৪১, ১৩, ৪৯, ৩, ৩১, ৩৫, ৭৬, ৩২, ৭৯, ২৬, ৬১, ৮৩, ৫৬, ৮৫, ১০২, ৮৮, ৬৫, আরএস দাগ নং- ১৭(অংশ), ২০(পূর্ণ), ২১(পূর্ণ), ২২(অংশ), ২৩(অংশ), ২৪(পূর্ণ), ২৫(পূর্ণ), ২৬(পূর্ণ), ২৭(পূর্ণ), ২৮(অংশ), ২৯(অংশ), ৩২(অংশ), ৭৮(অংশ), ৭৯(অংশ), ৮০(অংশ), ৮১(অংশ), ৮২(অংশ), ৮৩(অংশ), ৮৫(অংশ) এর অনূর্ধ্ব ১০.০০ (দশ) একর ব্যক্তি মালিকানাধীন জমি অবস্থিত। যা রেকর্ডীয় অনুযায়ী জমির শ্রেণী নাল ও খামা। চাহিতব্য ভূমির অল্প কিছু জমিতে বালি ভরাট করা, অধিকাংশ জমি নিচু নাল জমি বর্তমানে পানিতে নিমজ্জিত রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমিতে একটি টিনশেডঘর, কিছু উচু নাল জমি ও ছোট আকারের পুকুর রয়েছে। প্রস্তাবিত জমির উত্তরে বালি ভরাটকৃত ও নাল জমি, দক্ষিণে বসতবাড়ী, নাল জমি, পূর্বে কবরস্থান, পাকা ভবনসহ বসতবাড়ী ও নাল জমি, পশ্চিমে রাস্তা, যা বর্তমানে পূর্বাচল প্রকল্প এলাকায় ৩০০ ফুট প্রশস্ত রাস্তা থেকে জলসিঁড়ি আবাসন প্রকল্প অভিমুখী। এছাড়া প্রস্তাবিত জমিতে মসজিদ, মন্দির, গির্জা, কবরস্থান, হাইস্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান নাই।। (ভ্রমন প্রতিবেদন সংযুক্ত)।

এমতাবস্থায়, জনস্বার্থে ও প্রকল্পের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলাধীন কেয়ারিয়া মৌজায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ১০ একর ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান করা হলো। উল্লেখ্য যে, এ ভূমি ব্যবহার ছাড়পত্র জমির মালিকানা বুঝাবে না এবং এ বিষয়ে মামলা হলে তা আবেদনকারী সংস্থার দায়িত্ব হিসেবে বিবেচিত হবে।

- শর্তাবলিঃ
- ১। বাংলাদেশ পুলিশের আওতাধীন এন্টি টেররিজম ইউনিটের পুলিশ লাইন্সসহ ফোর্সের ব্যারাক ও অন্যান্য স্থাপনা নির্মাণের ক্ষেত্রে চাহিতব্য ভূমির মধ্যে গাড়ি পার্কিং এর পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।
 - ২। এন্টি টেররিজম ইউনিটের সম্মুখভাগে (এন্ট্রান্স) ঢোকান জন্য কমপক্ষে ৫ ফিট জায়গা ছাড়তে হবে।
 - ৩। রাস্তার সমান্তরাল, সাইটের ১০ ফিট জায়গা সংরক্ষণ করতে হবে।

সংযুক্তিঃ

- ১। ভ্রমন প্রতিবেদন।
- ২। তফশিল
- ৩। রিজিওনাল ম্যাপ।



১৭-৮-২০১১

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান
সিনিয়র প্ল্যানার

মোঃ হাবিবুর রহমান, পুলিশ সুপার (প্রশাসন)
পক্ষে অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, বাড়ি নং-৩৫, সোহরাওয়ার্দি এভিনিউ,
ব্লক কে, বারিধারা, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৮৯/১(৬)

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০১১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর

৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৬) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)



১৭-৮-২০১৯

ফৌজিয়া শারমিন তিথি

প্ল্যানার